



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : dinajpureducationboard@gmail.com

স্মারক নং- ৫/কল/দিন/৩৫৬/০৯

তারিখ : ০৮/০১/২০১৭

বিষয় : মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ০১৫৭০/২০১৫ এর রায় বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র : স্মারক নং- ৫/কল/দিন/৩৫৬/৮০৩, তারিখ- ২৪/১১/২০১৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং- ১৫৭০/২০১৫ এর রায়ের প্রেক্ষিতে আপনার কলেজের সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ ওয়াজেবুল ইসলামকে স্বপদে পূর্ণবহাল পূর্বক পত্র প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে অত্র শিক্ষা বোর্ডকে অবহিত করা জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হয়েছিল। অন্যথায় প্রতিষ্ঠানটি উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি বাতিলপূর্বক বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে জানানো হয়েছিল। কিন্তু অদ্যাবধি এ ব্যাপারে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি।

২। এমতাবস্থায় মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং- ১৫৭০/২০১৫ এর রায়ের প্রেক্ষিতে সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ ওয়াজেবুল ইসলামকে পত্র প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে জরুরী সভা আহবান করে তাকে স্বপদে পূর্ণবহাল পূর্বক পরবর্তী ০৭ (সাত) দিনের মধ্যে অত্র শিক্ষা বোর্ডকে লিখিতভাবে অবহিত করণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৩। অন্যথায় আপনার প্রতিষ্ঠানের উচ্চ মাধ্যমিক পর্যায়ের পাঠদান প্রাথমিক পর্যায়ে স্বয়ংক্রিয়ভাবে স্থগিত হয়ে যাবে এবং পরবর্তীতে অত্র শিক্ষা বোর্ডের আওতাভুক্ত অন্যান্য সকল কার্যক্রম স্থগিত করা হবে।

৪। শিক্ষা বোর্ডের নির্দেশ আমান্য করণের জন্য পরবর্তীতে যথাযথ কর্তৃপক্ষের কাছে কলেজের কমিটি বাতিল ও সংশ্লিষ্টদের এমপিও বাতিলের জন্য সুপারিশ করা হবে।

চেয়ারম্যানের নির্দেশক্রমে

সভাপতি

জগতপুর কলেজ

ডাকঘরঃ বজরাপুর, উপজেলাঃ বিরল,

জেলাঃ দিনাজপুর।

স্বঃ

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর।


স্মারক নং- ৫/কল/দিন/৩৫৬/০৯

তারিখ : ০৮/০১/২০১৭

সদয় অবগতি ও কার্যার্থে :

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, দিনাজপুর।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, বিরল, দিনাজপুর।
- ৫। জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর।
- ৬। অধ্যক্ষ, জগতপুর কলেজ, বিরল, দিনাজপুর।
- ৭। ওয়েব সাইট কপি।
- ৮। অফিস কপি।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


০৮/০১/১৭

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর।